দৈনিক ইনকিলাব

তারিখ 08 JAN 1988
পৃষ্ঠা 1 কলাম 5



# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার তারিখ অনির্দিষ্টকাল পিছিয়ে দেয়া হয়েছে

চট্টগ্রাম, ৭ জানুয়ারী (বাসস)।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার তারিখ অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে দেয়া হয়েছে। ছাত্র-ছাত্রীদের আবাসিক হলগুলোও এসময় বন্ধ থাকবে। গতকাল বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক হলে সশস্ত্র একটি দলের হামলা এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের উত্তপ্ত পরিস্থিতির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ভাইস চান্সেলর প্রফেসর মোহাম্মদ আলী এ সিদ্ধান্ত গ্রহণ করেন। উল্লেখ্য, আগামী

১১-এর পাতায় দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

জানুয়ারী বিশ্ববিদ্যালয় খোলার কথা ছিল।

বিশ্ববিদ্যালয়ের আলওল হলে অবস্থানরত সশস্ত্র চক্রকে আগামীকাল দুপুরের মধ্যে শান্তিপূর্ণভাবে হল ত্যাগ করানোর জন্য ভাইস চান্সেলর বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর ও হলের প্রভোস্টকে দায়িত্ব অর্পণ করেছেন। তার বাসায় অনুষ্ঠিত সিন্ডিকেটের এক বৈঠকে এ সিদ্ধান্ত অনুমোদিত হয় বলে তিনি জানান।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের তিনটি সংগঠন বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস থেকে বহিরাগতদের বহিষ্কার করে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার আহবান জানিয়েছেন।

পৃথক পৃথক বিবৃতিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক পরিষদ, সাধারণ ছাত্র আন্দোলন পরিষদ ও ইসলামী ছাত্র শিবির একটি হলে সশস্ত্র একটি দলের জোরপূর্বক দখলকে তীব্র নিন্দা করে তারা বিশ্ববিদ্যালয় খোলার লক্ষ্যে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের আহবান জানান।